



প্রেস রিলিজ

বরিশাল মুক্ত দিবসে বধ্যভূমিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের শ্রদ্ধা নিবেদন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৮ ডিসেম্বর ২০২২

১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর বাংলাদেশ স্বাধীন হওয়ার পূর্বেই ৮ডিসেম্বর বরিশাল পাক হানাদার মুক্ত হয়। আর এই ৮ডিসেম্বর বরিশাল মুক্ত দিবস উপলক্ষে বরিশাল তথা দক্ষিণাঞ্চলের সবচেয়ে বড় গণহত্যা ও নির্যাতন কেন্দ্র ওয়াপদা কলোনিতে মহান মুক্তিযুদ্ধে অবদানকারী সকল শহীদদের স্মরণে শ্রদ্ধা নিবেদন করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। আজ ৮ ডিসেম্বর বুধবার সকাল ৯ টায় ওয়াপদা কলোনির বধ্যভূমির নির্যাতন কেন্দ্র 'স্মৃতি ৭১' এ পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে এক মিনিট নিরবতা পালন করেন উপাচার্য। এসময় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, প্রভোস্ট, প্রক্টর, পরিচালক, পরিষ্কা নিয়ন্ত্রক, ডেপুটি রেজিস্ট্রারসহ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়